




জনসাধারণের জন্য সাপ সম্পর্কে কিছু তথ্য ও উপদেশ




আপনাকে সর্প দংশন করলে কি করবেন?

- অনুগ্রহ পূর্বক ভয় পাবেন না। বেশীরভাগ সাপ অবিষধর।
- দংশিত অঙ্গ (হাত কিংবা পা) বিশ্রামে রাখুন। পায়ে দংশন করলে বসে পড়ুন, হাঁটবেন না। হাতে দংশন করলে হাত নাড়াচাড়া করবেন না। হাড় ভাঙলে যেভাবে কাঠ-ব্যান্ডেজ দিয়ে স্প্লিন্ট (Splint) করে ঐভাবে ব্যবস্থা নিন।
- দংশিত অঙ্গে গিঁট দিবেন না।
- সঙ্গে সঙ্গে নিকটস্থ হাসপাতাল বা ডাক্তারের পরামর্শ নিন, মটরবাইক/এ্যাম্বুলেন্স এর সাহায্য নিন।
- দংশিত স্থানে কাটবেন না, সুঁই ফুটাবেন না, কিংবা কোন রকম প্রলেপ লাগাবেন না।
- ওঝা বা বৈদ্য দিয়ে চিকিৎসা করে কিংবা ঝাড়-ফুক করে অযথা সময় নষ্ট করবেন না।

সর্প দংশন কিভাবে এড়ানো যায়?

- বাড়ীর চার পাশ পরিষ্কার রাখুন। শোয়ার ঘরের সাথে খাবার সামগ্রী যেমন ধান-চাল, হাঁস-মুরগী, কবুতর না রাখা উত্তম।
- খাটের উপর মশারী ব্যবহার করে ঘুমাবেন, মেঝেতে ঘুমাবেন না। রাতের বেলায় মাচায় শোয়ার ব্যাপারে ও বিশেষ সাবধানতা অবলম্বন করুন।
- ঘাসের মধ্যে কিংবা ঝোপ-ঝাড়ের ভিতর খুব সাবধানে হাঁটুন ও লম্বা জুতো কিংবা বুট জুতো পড়ুন।
 - রাতে বের হলে আলো-লাঠিসহ বিশেষ সাবধানতা অবলম্বন করুন।
 - গর্তের মধ্যে হাত কিংবা পা দিবেন না ও স্তূপিকৃত লাকড়ি অথবা খড় খুব সাবধানে নাড়াচাড়া করুন।
 - মাছ ধরার সময় 'চাই' বা জালের মধ্যে হাত দেওয়ার আগে সাপ আছে কিনা দেখে নিন।



লাইফস্টাইল, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন
স্বাস্থ্য শিক্ষা বুরো, স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

